

## গীতাঞ্জলি

১৮

যদি তোমার দেখা না পাই প্রভু  
এবার এ জীবনে,  
তবে তোমায় আমি পাইনি যেন  
সে কথা রয় মনে।  
  
যেন ভুলে না যাই, বেদনা পাই,  
শয়নে স্বপনে।

এ সংসারের ভাটে  
আমার যতই দিবস কাটে,  
আমার যতই দু'হাত ভরে' ওঠে ধনে,  
তবু কিছুই আমি পাইনি যেন  
সে কথা রয় মনে,  
  
যেন ভুলে না যাই বেদনা পাই  
শয়নে স্বপনে।

## গীতাঞ্জলি

যদি আলস ভরে  
আমি বসি পথের পরে,  
যদি ধূলায় শয়ন পাতি স্যতনে,  
যেন সকল পথই বাকি আছে  
সে কথা রয় মনে,  
যেন ভুলে না যাই, বেদনা পাই  
শয়নে স্বপনে ।

যতই উঠে হাসি,  
ঘরে যতই বাজে বাঁশি,  
ওগো যতই গৃহ সাজাই আয়োজনে,  
যেন তোমায় ঘরে হয়নি আমা  
সে কথা রয় মনে,  
যেন ভুলে না যাই, বেদনা পাই,  
শয়নে স্বপনে ॥